

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

সিটিজেন্স চার্টার -এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং বাস্তবায়ন
পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১৯/০১/২০২১ খ্রি., বিকাল ৩.০০ টা।
স্থান : অতিরিক্ত সচিব (সিপিটি)-এর অফিস কক্ষ (ভবন নং-০৩, ০২ তলা, কক্ষ নং ১০১)
জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি কমিটির সদস্য সচিব উপসচিব সিপি-৩ শাখাকে আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

উপসচিব, সিপি-৩ সভায় জানান যে বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে স্ব স্ব অনুবিভাগ প্রধানগণ নিজ নিজ সিটিজেন্স চার্টার হালনাগাদ করে এই কমিটির নিকট প্রেরণ করবে। সভায় সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	প্রশাসন; নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ; সংগঠন ও ব্যবস্থাপনা এবং সংস্কার ও গবেষণা অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করে অনুবিভাগসমূহ হতে পত্র পাওয়া গেছে এবং তারা সবাই এই কমিটির সদস্য। কিন্তু অন্যান্য অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়নি। সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ ও পরিবীক্ষণের জন্য অবশিষ্ট অনুবিভাগসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা প্রয়োজন।	যে সকল অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়নি সে সকল অনুবিভাগকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	সিপি-৩ শাখা
০২	সিটিজেন্স চার্টার হালনাগাদ করে এই কমিটির নিকট প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	যে চারটি অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইতোমধ্যে নির্ধারিত হয়েছে তারা নিজ নিজ অনুবিভাগের সিটিজেন্স চার্টার হালনাগাদ করে আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে কমিটির নিকট প্রেরণ করবে।	প্রশাসন; নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ; সংগঠন ও ব্যবস্থাপনা এবং সংস্কার ও গবেষণা অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ।
০৩	সভায় জানানো হয় যে ইতোপূর্বে সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের জন্য একটি এক পৃষ্ঠার সংক্ষিপ্ত গাইডলাইন প্রণয়ন করা হয়েছিল।	সকল অনুবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিকট গাইডলাইনের কপি প্রেরণ করতে হবে।	সিপি-৩ শাখা

০২। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

তারিখ: ২৪/০১/২০২১

(ড. মো: হুমায়ুন কবীর)

অতিরিক্ত সচিব (সিপিটি)

ও

সভাপতি

সিটিজেন্স চার্টার প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
জনপ্রশাসন মন্ত্রণালয়

১০ মাঘ ১৪২৭

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৭.০৬.০০৩.২০.১৩

তারিখ : -----


২৪ জানুয়ারি ২০২১

সদয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব, এপিডি/প্রশাসন/সওব্যা/সওগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২। জনাব মোসাম্মাৎ শাহানারা খাতুন, যুগ্মসচিব, মাপ্র/অ.নি. ও ননি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৩। জনাব সাইফ উদ্দিন আহমেদ, যুগ্মসচিব (বাবাকো), জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৪। জনাব মুনিমা হাফিজ, যুগ্মসচিব, সওব্যা-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- ৫। জনাব মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;

অনুলিপি : সদয় অবগতির জন্য

- ১। সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব, বাজেট ও অডিট শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(খালিদ মেহেদী হাসান, পিএএ)
উপসচিব